



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা।

website: www.bmeb.gov.bd

নং বামাশিবো/পরী/গো/সনদ/যাচাই-২/২০১৭/৪।

তারিখ: ০৭/০৬/২০১৬ খ্রিঃ।

বিষয়: জাল সনদপত্রে ভূয়া চাকুরী বাতিল সংক্রান্ত।

সূত্র: নং শিম/শা: ১৪/অভি:৭-১০/০৫(অংশ-১)-০৩, তারিখ: ১২/০১/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, টাংগাইল জেলার মির্জাপুর উপজেলাধীন তেলিনা দক্ষিনপাড়া দাখিল মাদরাসার শিক্ষিকা শামীমা আক্তারের বিরুদ্ধে ভূয়া ও জাল সনদ গ্রহণ করে চাকুরী নিয়াছেন মর্মে জনাব মো: আবু রায়হান অভিযোগ উত্থাপন করেন। উত্থাপিত অভিযোগের আলোকে বিষয়টি তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডকে সূত্রে বর্ণিত পত্রে অনুরোধ করা হয়।

শিক্ষামন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড আনীত অভিযোগ তদন্তের নিমিত্তে ১৭/০২/২০১৬ খ্রিঃ তারিখে বামাশিবো/পরী/গো/সনদ/যাচাই-২/১৬৮৬/৪ নং পত্রে শিক্ষিকা শামীমা আক্তার, পিতা-মোহাম্মদ আবদুর রহিম এবং সংশ্লিষ্ট অন্য পরীক্ষার্থী ও মাদরাসা প্রধানকে পরীক্ষা সংক্রান্ত কাগজপত্র বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডে জমা দিতে তাগিদ দেয় (কপি সংযুক্ত)।

বোর্ড কর্তৃক ইস্যুকৃত পত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান ও পরীক্ষার্থী কর্তৃক দাখিলকৃত কাগজপত্রের সাথে বোর্ডে সংরক্ষিত রেকর্ডপত্র যাচাই করে দেখা যায়, অভিযোগকারীর অভিযোগ সঠিক নয়।

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের পরীক্ষা শাখার নথি নম্বর R-৯(২) আংশিক, নোট নং-৪, পৃষ্ঠা নম্বর-৫, তারিখ-১৯/১০/১৩ ইং সিদ্ধান্তের আলোকে এন্ট্রি ফরমে রোল নং অনুযায়ী টেবুলেশন শিট সংশোধিত হয়। নামে রোলে গড়মিলের বিষয়টি পরীক্ষা শাখা কর্তৃক প্রচলিত বিধি মোতাবেক যথাসময়ে সংশোধিত হওয়ায় অভিযোগকারীর অভিযোগ আমলে নেওয়ার সুযোগ নাই। শামীমা আক্তার, পিতা-মোহাম্মদ আবদুর রহিম, রোল-সখিপুর, নং-১৮৮০৫, দাখিল পরীক্ষা ১৯৯৩ এর বোর্ড কর্তৃক ইস্যুকৃত মূল নম্বরপত্র ও সনদ সঠিক আছে।

বিষয়টি মহাদয়কে সদয় অবহিত করা হলো।

প্রাপক: সচিব
শিক্ষামন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(প্রফেসর এ.কে.এম. ছায়েফ উল্যা)
রেজিস্ট্রার ও চেয়ারম্যান(ভারপ্রাপ্ত)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

অবগতির ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. অতিরিক্ত সচিব(মাদরাসা)
শিক্ষামন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা শিক্ষা অফিসার, টাংগাইল।
৩. সুপার/সম্পাদক
তেলিনা দক্ষিনপাড়া ইসলামিয়া দাখিল মাদরাসা,
ডাকঘর-চিতেশ্বরী, টাংগাইল।
৪. অধ্যক্ষ
মাওলানা ছালাফিয়া আলিম মাদরাসা
ডাকঘর- হতেয়া রাজাবাড়ী, সখিপুর, টাংগাইল।

(ছালেহ আহমাদ)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।